

## হোটেল ও রেস্টুরেন্টের ভাড়া কমাতে আমিরাত

- A Monitor Desk Report

Date: 14 August, 2023



পর্যটন খাতের বিকাশে নতুন উদ্যোগ গ্রহণ করেছে সংযুক্ত আরব আমিরাত। দেশটিতে থাকা হোটেল ও রেস্টুরেন্টের ভাড়া কমানোর সিদ্ধান্ত নেয়া হয়েছে।

এক ঘোষণায় আবুধাবি জানায়, পর্যটন খাতের বিকাশে এখন থেকে হোটেল ও রেস্টুরেন্টে যে ফি আদায় করা হয় তা কমানো হবে। এর মধ্যে হোটেলে অতিথিদের অবস্থানের জন্য যে ফি নেয়া হয়, সেটি ও রুমের জন্য যে মিউনিসিপালিটি ফি রয়েছে তা কমানো হবে।

আবুধাবির সংস্কৃতি ও পর্যটন বিভাগ (ডিসিটি আবুধাবি) এর আগে আমিরাতে থাকা হোটেলগুলোর ওপর আরোপিত সরকার নির্ধারিত ফি কমিয়েছে। মূলত সেখানকার ক্রমবর্ধমান পর্যটন খাতের প্রবৃদ্ধির জন্য এ উদ্যোগ নেয়া হয়েছে বলে জানা গেছে।

আরও পড়ুন: [সাজেকে যান চলাচল শুরু, ফিরছে পর্যটকরা](#)

আবুধাবিকে বৈশ্বিক পর্যটন ও বিনোদনের অন্যতম কেন্দ্রে পরিণত করাই এর লক্ষ্য। আগামী ১ সেপ্টেম্বর থেকে ফি কমানোর এ সিদ্ধান্ত কার্যকর হবে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। এছাড়া পর্যটকদের পাশাপাশি অধিবাসীদের আমিরাতের পর্যটন খাতের আতিথেয়তা গ্রহণের আহ্বান জানিয়েছে আবুধাবি এক্সিকিউটিভ কাউন্সিল।

-B